সমকাল

তারিখ 09 JUL 2015
পৃষ্ঠা ২ কলাম ৪

হাইকোর্টের রায়

# ঢাবিতে দ্বিতীয়বার ভর্তি পরীক্ষার সুযোগ নেই

■ সমকাল প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে দ্বিতীয়বার পরীক্ষা দেওয়ার সুযোগ চেয়ে করা আবেদনটি খারিজ করে দিয়েছেন হাইকোর্ট। বিচারপতি ফারাহ মাহবুব ও বিচারপতি কাজী মো. ইজারুল হক আকন্দের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল বুধবার এ-সংক্রান্ত রুল খারিজ করে দেন। ফলে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আর দ্বিতীয়বার ভর্তি পরীক্ষা দেওয়ার সুযোগ থাকছে না বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের পক্ষের আইনজীবী এ এফ এম মেসবাহউদ্দিন। চলতি বছর যারা এইচএসসি পাস করবেন, তারাই কেবল ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য পরীক্ষা দেওয়ার সুযোগ পাবেন। রিট আবেদনকারী শিক্ষার্থীদের মধ্যে কয়েকজন গতকাল রায়ের সময় আদালতে উপস্থিত ছিলেন। রুল খারিজের পর তাদের কাউকে কাউকে হতাশা ও কান্নায় ভেঙে পড়তে দেখা যায়।

এইচএসসি উত্তীর্ণরা এতদিন টানা দু'বার ভর্তি পরীক্ষায় বসার সুযোগ পেলেও গত বছর তা সীমিত করে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিক গত বছরের ১৪ অক্টোবর ওই সিদ্ধান্তের বিষয়ে বলেন, ২০১৫-১৬ শিক্ষাবর্ষ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় শুধু ২০১৫ সালের এইচএসসিতে উত্তীর্ণরাই অংশ নিতে পারবে; পুরনোরা নয়। ওই সিদ্ধান্তের বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট আবেদন করেন দ্বিতীয়বার ভর্তিচ্ছু ২৬ শিক্ষার্থীর অভিভাবকরা।

তাদের আবেদনের পরিপ্রেক্ষিতে গত ১৬ মার্চ হাইকোর্ট রুল জারি করেন। দ্বিতীয়বার ভর্তির সুযোগ বাতিল কেন বেআইনি ঘোষণা করা হবে না তা জানতে চাওয়া হয়। পাশাপাশি সরকারসহ সংশ্লিষ্টদের রুলের জবাব দিতে বলা হয়।